
# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় বার্তা

অষ্টম বর্ষ

জানুয়ারি-ডিসেম্বর ২০২১



# উদ্বোধন, ভিত্তিপ্রস্তর স্থাপন ও চুক্তি সম্পাদন

## দুটি পোস্ট-গ্র্যাজুয়েট গবেষণাগার চালু


সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদে দুটি আধুনিকমানের ল্যাবরেটরি উদ্বোধন হয়েছে। ৮ মার্চ পোল্ট্রি বিজ্ঞান বিভাগ ও প্যাথলজি বিভাগের পোস্ট-গ্র্যাজুয়েট ল্যাবরেটরিসমূহ উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার। উদ্বোধনের পর ল্যবরেটরিসমূহ ঘুরে দেখেন ভাইস-চ্যান্সেলর ও আমন্ত্রিত অতিথিবৃন্দ। পরিদর্শন শেষে ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ ভবনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পোল্ট্রি বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. এম. রাশেদ হাসনাতের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ডিন প্রফেসর ড. আবু হেনা মোস্তফা কামাল, প্যাথলজি বিভাগের প্রফেসর ড. মনিরা নূর, পোল্ট্রি বিজ্ঞান বিভাগের সহযোগী প্রফেসর ড. শাহ আহমেদ বেলাল। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী প্রফেসর ডাঃ আসমাউল হুসনা। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার বলেন, "বিশ্বকে এগিয়ে নিতে হলে লাগসই প্রযুক্তি উদ্ভাবন করতে হবে। আর নতুন ও লাগসই প্রযুক্তি উদ্ভাবনে গবেষণার কোন বিকল্প নেই"।




পোস্ট-গ্র্যাজুয়েট ল্যাবরেটরি উদ্বোধন অনুষ্ঠানে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার

## আধুনিক Agricultural and Biosystems Engineering Lab উদ্বোধন

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার বলেন, দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে হলে কৃষি যান্ত্রিকীকরণের কোন বিকল্প নেই। আধুনিক বিশ্বের সাথে তাল মিলাতে হলে লাগসই প্রযুক্তির ব্যবহার বাড়াতে হবে। ২৩ আগস্ট সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের অন্তর্ভূক্ত কৃষি শক্তি ও যন্ত্র বিভাগের Agricultural and Biosystems Engineering Lab উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। কৃষি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন এবং কৃষি শক্তি ও যন্ত্র বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মুহাম্মদ রাশেদ আল মামুনের সভাপতিত্বে এবং সহকারী অধ্যাপক মোঃ জানিবুল আলম সোয়েব এর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের পরিচালক প্রফেসর ড. মোঃ মোস্তফা সামছুজ্জামান এবং প্রক্টর ড. মোঃ তাওহীদ হাসান। ল্যাব উদ্বোধন শেষে ড. রাশেদ অতিথিদের ল্যাবের আনুষঙ্গিক বিষয় সম্পর্কে অবহিত করেন। উল্লেখ্য, উক্ত ল্যাব স্থাপনের ফলে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক ও গবেষকবৃন্দ বায়ো এনার্জি, সোলার এনার্জি, বর্জ্য ব্যবস্থাপনা, কৃষি যান্ত্রিকীকরণ, প্রিসিশন এগ্রিকালচার, ইমেজ প্রসেসিং, টি প্রসেসিং টেকনোলজি ও এগ্রোরোবটিক্স বিষয়ক গবেষণা করতে পারবেন।



কৃষি শক্তি ও যন্ত্র বিভাগের ল্যাব পরিদর্শন করছেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার

## মাছের রোগ নির্ণয়ের ল্যাবরেটরি উদ্বোধন

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের মাৎস্যবিজ্ঞান অনুষদে মাছের রোগ নির্ণয়ের জন্য আধুনিকমানের একটি ল্যাবরেটরি উদ্বোধন হয়েছে। মৎস্য স্বাস্থ্য ব্যবস্থাপনা বিভাগের সহযোগী প্রফেসর ড. মোঃ আবদুল্লাহ আল মামুনের তত্ত্বাবধানে "ফিশ ডিজিজ ডায়াগনোসিস ও ফার্মাকোলজি ল্যাব" নামে ল্যাবরেটরিটি উদ্বোধন হয়েছে। ৭ অক্টোবর এই ল্যাবরেটরি উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার। এ সময় বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), প্রক্টর, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, বৈজ্ঞানিকবৃন্দ, ছাত্র গবেষকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতেই ভাইস-চ্যান্সেলর মাছের পোনা অবমুক্ত করেন তারপর ল্যাবরেটরির বিভিন্ন যন্ত্রপাতি ঘুরে ঘুরে দেখেন। রেফ্রিজারেটেড সেকার ইনকিউবেটর, অটোক্লেভ মেশিন, লামিনার এয়ার ফ্লো, ক্লিনিক্যাল কেমিস্ট্রি এনালাইজার, হট এয়ার ওভেন, কমপাউন্ড মাইক্রোস্কোপসহ কিছু গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি এই ল্যাবরেটরিতে স্থান পেয়েছে। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার বলেন, এই ল্যাবরেটরি থেকে বিভিন্ন গুরুত্বপূর্ণ গবেষণা হতে পারে, যা বাংলাদেশের মাছের উৎপাদন বৃদ্ধির পাশাপাশি দেশের আমিষের চাহিদা পূরণে অবদান রাখবে।



মৎস্য স্বাস্থ্য ব্যবস্থাপনা বিভাগের ল্যাবরেটরিতে অণুবিক্ষণ যন্ত্রে স্যাম্পল দেখছেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মতিয়ার রহমান হাওলাদার

| | | | |
|---|---|---|---|
| 79 | Gastrointestinal influences of nucleotides on Gangetic Mystus | Professor Dr. Sohel Mian<br>Dept. of Fish Biology and Genetics | UGC (2021-22) |
| 80 | Analysis of Various Drinking Water Samples from Restaurants in Sylhet town to Detect the Coliform Bacteria by Most Probale Number (MPN) Method | Dr. Md. Abdullah-Al-Mamun<br>Associate Professor<br>Dept. of Fish Health Management | UGC (2021-22) |

**পরিবীক্ষণ, মূল্যায়ন ও প্রকাশনা**

সাউরেস বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ শিক্ষকমন্ডলীর দ্বারা চলমান গবেষণা প্রকল্পসমূহের পরিবীক্ষণ ও মূল্যায়ণ করা সহ বার্ষিক কর্মশালায় গবেষণার অগ্রগতি ও অর্থ সংশ্লিষ্ট বিষয়াদির মূল্যায়ন করে থাকে। এ যাবৎ ৭ টি Annual Research Review Workshop অনুষ্ঠিত হয়েছে । Proceeding of Sylhet Agricultural University Research Progress নামে ০৮ টি Volume ও Journal of the Sylhet Agricultural University (JSAU) নামে আন্তর্জাতিক মানসম্পন্ন জার্নালের ০৮ টি Volume ১৬ টি ইস্যু ইতোমধ্যে প্রকাশিত হয়েছে। এছাড়া সাউরেস এর তত্ত্বাবধানে "জৈব পদ্ধতিতে খাসিয়া পানের রোগ ও পোকামাকড় ব্যবস্থাপনা" শীর্ষক একটি পুস্তক প্রকাশিত হয়েছে।

**গবেষণা সাফল্য ও উদ্ভাবিত প্রযুক্তি**

গবেষণালব্দ ফলাফলের উপর ভিত্তি করে বিভিন্ন ফসলের জাত উদ্ভাবনের প্রক্রিয়া চলমান রয়েছে, ইতোমধ্যে সিকৃবি সীম-১, সিকৃবি সীম-২ নামে দুটি সীমের জাত অবমুক্ত করা হয়েছে। টমেটোর দুটি উচ্চতাপ সহিষ্ণু অগ্রবর্তী লাইন জাত হিসেবে মুক্তায়নের অপেক্ষায় আছে যা অচিরেই সরকার কর্তৃক নিবন্ধিত হয়ে কৃষক পর্যায়ে চাষাবাদের জন্য অবমুক্ত হবে।

সিলেট অঞ্চলে কৃষির অপার সম্ভাবনাকে কাজে লাগানোর প্রথম প্রচেষ্টা হবে অব্যবহৃত চাষযোগ্য জমিকে চাষের আওতায় আনা। ক্রপিং প্যাটার্ন উন্নতকরন করে নতুন নতুন জাত বিশেষ করে উদ্যান ফসলকে জোর গুরুত্ব দেয়া প্রয়োজন। প্রায়োগিক গবেষণাকে কাজে লাগিয়ে উদ্যানতাত্ত্বিক ফসল, লেবু জাতীয় ফসল, ঔষধী বৃক্ষ, আগর উৎপাদন, চা শিল্প, প্রাণিসম্পদ, মৎস্যসম্পদ এবং জলাভূমির কৃষির উন্নয়নে সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (সাউরেস) জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।


**সম্পাদনা পরিষদ**

**সভাপতি**

প্রফেসর ড. মোঃ মোহন মিয়া

**সদস্য**

প্রফেসর ড. মোঃ আবুল কাশেম, প্রফেসর ড. নির্মল চন্দ্র রায়,
প্রফেসর ড. সানজিদা পারভীন রিতু, প্রফেসর ড. এ. এইচ. এম. মাহফুজুল হক
জনাব খলিলুর রহমান ফয়সাল

**সদস্য-সচিব**

জনাব মোঃ আনিছুর রহমান

**তথ্য সংগ্রহ, বিন্যাস ও অলংকরণ**

জনাব খলিলুর রহমান ফয়সাল